আজকের কাগজ

তারিখ 11 MAY 1992
পৃষ্ঠা ... কলাম ...

### শিক্ষক স্বল্পতা, উপকরণের অভাব

# নেত্রকোনায় প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়েছে

বিভিন্ন সমস্যায় নেত্রকোনা জেলার প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়ছে। এ সমস্যার মধ্যে রয়েছে স্কুল, ঘরের অভাব, শিক্ষক-কর্মচারির স্বল্পতা, চেয়ার, টেবিলসহ বিভিন্ন শিক্ষা উপকরণের অভাব।

নেত্রকোনা জেলার সর্বমোট ৬২৮টি সরকারি, ১৪৬টি রেজিষ্টার্ড এবং ১৩৬টি আন-রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয় রয়েছে। তার মধ্যে ৪১টি সরকারি, ৪টি রেজিষ্টার্ড এবং ৫টি আন-রেজিষ্টার্ড বিদ্যালয়ের কোন ঘর নেই। ৬৪টি বিদ্যালয়ের কোনো বেড়া নেই, ঘর ও নড়বড়ে। সদর উপজেলার বাঁশাটি এবং চল্লিশা সরকারি প্রাথমিক বিদ্যালয় ঝড়ে ক্ষতিগ্রস্ত হওয়ায় খোলা আকাশের নীচে ক্লাস হচ্ছে। পূর্বধলা উপজেলার কান্দুলিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়েরও ঘর না থাকায় লেখাপড়া ব্যাহত হচ্ছে। সমগ্র জেলায় ১১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কোনো চেয়ার, টেবিল ও বেঞ্চ নেই। কোনো কোনো বিদ্যালয়ে দুই-তিনটি বেঞ্চ এবং কদাচিৎ কোনো বিদ্যালয়ে দুই-একটি চেয়ার-টেবিল দেখা যায় ব্ল্যাকবোর্ড কোনো কোনো বিদ্যালয়ে দেখা গেলেও রং উঠে যাওয়ায় লেখা স্পষ্ট হয়না সিংহ ভাগ বিদ্যালয়ে কোনো মানচিত্র নেই। সমগ্র জেলায় অসংখ্য প্রধান শিক্ষক এবং সহকারি শিক্ষকের পদ দীর্ঘদিন যাবত শূন্য থাকলেও এগুলো পূরণের কোনো উদ্যোগ নেই। একমাত্র কেন্দুয়া উপজেলাতেই ১০টি প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে. পূর্বধলা উপজেলা শিক্ষা কর্মকর্তার পদ দীর্ঘদিন যাবত শূন্য রয়েছে। ফলে বিভাগীয় কাজকর্মে বিঘ্ন ঘটছে। এ ছাড়াও ৯টি সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তার পদও শূন্য রয়েছে। এমতাবস্থায় উল্লেখিত সকল সমস্যার সমাধান করে নেত্রকোনার সর্বত্র প্রাথমিক শিক্ষার সুষ্টু পরিবেশ ফিরিয়ে আনতে উর্ধ্বতন কর্তৃপক্ষের হস্তক্ষেপ প্রয়োজন। নেত্রকোনা থেকে আবু জাফর তালুকদার।